

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় ও সংস্কার শাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন দপ্তর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২২ অর্থবছরের
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূল্যায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	:	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ	:	২০ সেপ্টেম্বর ২০২২ (৫ আশ্বিন ১৪২৯)
সময়	:	সকাল ৯:৩০ মিনিট
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ (ব্লক-বি)
উপস্থিতি	:	সংযোজনী- “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মোঃ খন্দকার মাহাবুবুর রহমান সভাকে জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন দপ্তর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর চূড়ান্ত মূল্যায়নের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি বিবিএস-এর সূচক অনুসারে এপিএএমএস সফটওয়্যারে প্রাপ্ত প্রমাণকসমূহ উপস্থাপন করেন।

২। সভাপতি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এপিএ-র পারফর্মেন্সের উপর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ পারফর্মেন্স নির্ভর করে। তাই বিবিএস-এর এপিএ সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এ বিষয়ে সর্বদা সচেতন থাকতে হবে এবং সক্রিয় ভূমিকা পালন করতে হবে। বিবিএস-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ-র সূচকসমূহের অর্জনের প্রমাণক সঙ্গে নিয়ে না আসায় তিনি অসন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে এ বিষয়ে তাকে সতর্ক থাকতে পরামর্শ প্রদান করা হয়। এপর্যায়ে তিনি বিবিএস-এর এপিএ অর্জনের অবস্থা বিবৃত করার জন্য বলেন। সভায় নিম্নবর্ণিত সমস্যাসমূহ চিহ্নিত করা হয়:

(ক) ত্রৈমাসিক ভিত্তিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে এপিএ অর্জনের প্রমাণক প্রেরণ না করা;

(খ) প্রমাণকসমূহ এপিএএমএস সফটওয়্যারে নির্দেশনা অনুসারে আপলোড না করা;

(গ) আবশ্যিক অংশের প্রমাণকসমূহ যথসময়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট যথাযথভাবে প্রেরণ না করা;

(ঘ) প্রমাণক প্রেরণের ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ না করা।

- ৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়:
- (ক) যেসকল সূচকের প্রমাণক হার্ডকপি প্রেরণ করা হয়েছে এবং এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে, সেসকল সূচকে পূর্ণ নম্বর (১০০%) প্রদান করতে হবে;
- (খ) যেসকল সূচকের প্রমাণক হার্ডকপি প্রেরণ করা হয়েছে কিন্তু এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়নি, সেসকল সূচকের ৮০% নম্বর প্রদান করতে হবে;
- (গ) আবশ্যিক অংশে প্রাপ্ত নম্বর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার মূল্যায়নের ভিত্তিতে নির্ধারিত হবে;
- (ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-র অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- (ঙ) এপিএ-র অর্জনসমূহ বছরভিত্তিক দাখিল করতে হবে। অর্থবছরের মধ্যে অর্জনযোগ্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।
- ৪। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

এপিএ টিম লিডার


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০১০.১৬.০৫৪.২২- ২৬২

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ২। উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ৩। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪। উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬। উপসচিব, পরিকল্পনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭। উপসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮। উপসচিব, তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ১০। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)
- ১১। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। পরিসংখ্যান কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রশাসন শাখা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১৪। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


খন্দকার মোঃ মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব